ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-২

নথি নম্বর: **৪৬.০৫.০০০০.৪০৫.৯৯.০১৭.২৩** নথির বিষয়: মড্স জোন-২ এর আওতাধীন বিভিন্ন পানির পাম্প কম্পাউন্ডে নতুন স্থাপিত IP Camera চালু রাখার লক্ষ্যে মাস অনুযায়ী ইন্টারনেট ডাটার বিল পরিশোধ প্রসঙ্গে।

নোট: ৯ নোটের বিষয়: **মড্স জোন-২ এর আওতাধীন ১১টি পানির পাম্প কম্পাউন্ডে নতুন স্থাপিত IP Camera চালু রাখার লক্ষ্যে জুলাই/২৩ইং মাসের ইন্টারনেট ডাটার বিল পরিশোধ কাজ প্রসঙ্গে।**

**অনুচ্ছেদ ৯.০ - তারিখঃ ৩০/১০/২৩ ১২:২৭ অপরাহ্ন**

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার অন্যান্য মডস জোন এর ন্যয় অত্র জোনেও ১১ টি পানির পাম্প কম্পাউন্ডে যথাযত টেন্ডার প্রক্রিয়া অনুসরন করিয়া NASCO Power Engineering Ltd এর মাধ্যমে IP Camera স্থাপন করা হয়েছে। IP Camera এর মাধ্যমে পাম্প কম্পাউন্ডের পানির পাম্পের সুরক্ষা ও নজরদারী বাড়ানোর লক্ষ্যে উক্ত সিস্টেমটি দ্রুত কার্যকর করার জন্য ঠিকাদারী প্রতিষ্ঠান NASCO Power Engineering Ltd. ১১ টি পানির পাম্প কম্পাউন্ডে স্থাপিত IP Camera এর সহিত REAL IP এর মাধ্যমে Ok network & communications নামক ISP হতে Internet data সংযোগ প্রদান করে এক মাস চালু রাখার পর অত্র জোনে হস্তান্তর করেন। উক্ত ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার এর সার্ভিস সন্তোষজনক হওয়ায় এখনো উক্ত কোম্পানী হতে সার্ভিস চলমান রাখা হয়েছে। সেই লক্ষ্যে পাম্প কম্পাউন্ডের পানির পাম্পের সুরক্ষা নিশ্চিত ও নজরদারী বাড়ানোর লক্ষ্যে এবং IP Camera চালু রাখার স্বার্থে Internet data সংযোগ অব্যহত রাখা প্রয়োজন। বিভিন্ন পানির পাম্পের IP Camera চালু রাখার লক্ষ্যে ইন্টারনেট সেবাটি জুলাই/২৩ইং মাস পর্যন্ত বিল গ্রহনের নিমিত্তে একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে। প্রাক্কলনে সর্বমোট টাকার পরিমান দাঁড়াইয়াছে = ১৮,৯৭৫.০০ (আঠারো হাজার নয়শত পঁচাত্তর) টাকা মাত্র। **উক্ত কাজের ব্যয়ভার অত্র জোনের ২০২৩-২০২৪ইং অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার ক্রমিক নং-৩৯ এর পানির লাইন মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে নির্বাহ করা হবে।** উল্লেখ্য যে, অত্র জোনের ২০২৩-২০২৪ইং অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার ক্রমিক নং-১৯ এর ইন্টারনেট কানেকশন ফি খাতে পর্যাপ্ত পরিমান অর্থ না থাকায় পানির লাইন মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে বিদ্যমান কাজের ব্যয় ধরা হয়েছে।

**সংযুক্তিসমূহ (৪):**
১। ২০২৩-২০২৪ইং অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।.
২। জুলাই-২৩ইং মাসের ইন্টারনেট ডাটার বিল।.
৩। পূর্বঅনুমোদিত নোট শিটের কপি।.
৪। প্রাক্কলনের কপি।.

---

**অনুচ্ছেদ ৯.১ - তারিখঃ ৩০/১০/২৩ ১২:৩১ অপরাহ্ন**

এমতাবস্থায়, মডস জোন-২ এর ১১টি পানির পাম্প কম্পাউন্ডের IP Camera চালু রাখার স্বার্থে Internet Data এর জুলাই/২৩ইং মাসের বিল বাবদ = ১৮,৯৭৫.০০ (আঠারো হাজার নয়শত পঁচাত্তর) টাকা মাত্র এর প্রাক্কলনটি পিপিআর ২০০৮ এর ৮১/১ ধারা অনুযায়ী সরাসরি ক্রয় হিসাবে কাজটি সম্পন্ন করার অনুমোদনের জন্য নথিখানা প্রধান প্রকৌশলী মহোদয় বরাবর প্রেরণ করা যেতে পারে। সবিনয়ে উপস্থাপন করা হ'ল।

| | | | |
|---|---|---|---|
| ৩০/১০/২৩ ১২:৩৪ অপরাহ্ন<br>মোঃ হিরক আল মামুন<br>উপ-সহকারী প্রকৌশলী<br>মডস জোন-২ | ৩১/১০/২৩ ১:১৯ অপরাহ্ন<br>মোহাম্মদ ইখতিয়ার মাসউদ<br>সহকারী প্রকৌশলী<br>মডস জোন-২ | ১/১১/২৩ ৬:১৮ অপরাহ্ন<br>মোহাম্মদ নজরুল ইসলাম<br>নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)<br>মডস জোন-২ | ১/১১/২৩ ৮:৩৩ অপরাহ্ন<br>মোঃ আব্দুল মজিদ<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)<br>মডস সার্কেল-১ |
| | | | ~~১/১১/২৩ ৮:৩৩ অপরাহ্ন~~<br>~~মোঃ কামরুল হাসান~~<br>~~প্রধান প্রকৌশলী~~<br>~~প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)~~ |

**অনুচ্ছেদ ৯.২ - তারিখঃ ১/১১/২৩ ৯:১৬ অপরাহ্ন**

অনুমোদিত

| | | |
|---|---|---|
| ১/১১/২৩ ৯:১৬ অপরাহ্ন<br>মোঃ কামরুল হাসান<br>প্রধান প্রকৌশলী<br>প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ) | ২/১১/২৩ ১২:০৭ পূর্বাহ্ন<br>মোহাম্মদ নজরুল ইসলাম<br>নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)<br>মডস জোন-২ | ২/১১/২৩ ১:৩৫ অপরাহ্ন<br>মোঃ হিরক আল মামুন<br>উপ-সহকারী প্রকৌশলী<br>মডস জোন-২ |